# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ৩. ৯. নারীর স্তনের বর্ণনা

উপরের উদ্ধৃতিগুলো থেকে প্রতীয়মান হয় যে, নারীর ক্ষেত্রে তার স্তনের উল্লেখ করতে বাইবেল বিশেষভাবে আগ্রহী। অনেক স্থানে এরূপ উল্লেখ বাহ্যত অপ্রয়োজনীয়। যেমন ‘‘তুমি... তার খোলা চাটবে ও নিজের স্তন বিদীর্ণ করবে।’’ (যিহিস্কেল ২৩/২৪) এখানে শাস্তি বুঝাতে ‘স্তন ছেড়া’-র কথা না বলে অন্য কিছু শোভনীয় কথা বলা যেত। এরূপ উল্লেখ বাইবেলে বিভিন্ন স্থানে দেখা যায়।

নারীর স্তনের বর্ণনায় পরমগীত বা সোলায়মানের গজল পুস্তকের পারঙ্গমতা বিশেষভাবে লক্ষণীয়। যেমন প্রেমিকা বলছে: ‘‘আমার প্রিয় আমার কাছে সুগন্ধির পুঁটলির মত, যা আমার স্তনদ্বয়ের মাঝখানে সারা রাত শুয়ে থাকে।’’ (১/১৩)

প্রেমিক বলছে (৪/৫): ‘‘Your two breasts are like two fawns, twins of a gazelle, that feed among the lilies: তোমার স্তন দুটি লিলি ফুলের মাঝে চরে বেড়ানো যমজ হরিণ শাবকের মত’’।

কেরি: তোমার কুচযুগল দুই হরিণ-শাবকের, হরিণীর দুই যমজবৎসের ন্যায়, যাহারা শোশন পুষ্পবনে চরে। মো.-০৬: ‘‘তোমার বুক দু’টা যেন লিলিফুলের বনে চরে বেড়ানো কৃষ্ণসারের যজম বাচ্চা।’’ মো.-১৩: ‘‘তোমার কুচযুগল দু’টি হরিণের বাচ্চার, হরিণীর দু’টি যমজ বাচ্চার মত যারা লিলি ফুলবনে চলে।’’

প্রেমিক বলছে (৭/৭-৯): ‘‘তোমার গড়ন খেজুর গাছের মত, আর বুক দু’টা যেন আংগুরের দু’টা থোকা। আমি বললাম, ‘আমি খেজুর গাছে উঠব, আমি তার ফল ধরব।’ তোমার বুক দু’টা হোক আংগুরে থোকা, তোমার নিঃশ্বাসের গন্ধ হোক আপেলের মত, আর তোমার মুখের তালু (the roof of thy mouth)- তোমার চুম্বন (AMP: your kisses)- হোক সবচেয়ে ভাল মদ (the best wine কি. মো.: আঙুর রস) যা মজার সাথে নেমে যায় এবং ঘুমন্তদের মুখেও কথা ফোটায় (that goeth down sweetly, causing the lips of those that are asleep to speak: KJV)।[1]

প্রেমিকা বলছে: ‘‘আমি একটি প্রাচীর, আমার স্তনদ্বয় মিনারের মত।’’ (৮/১০)

সুপ্রিয় পাঠক, যে অর্থেই বলা হোক না কেন, ঐশ্বরিক ধর্মগ্রন্থ তো দূরের কথা সাধারণ উপদেশমূলক কোনো গ্রন্থেও এরূপ ভাষা নিন্দনীয়।

নারীর স্তনের বর্ণনায় বাইবেলের আগ্রহ অন্যত্রও দেখা যায়। পিতার পক্ষ্য থেকে সন্তানকে স্ত্রীকে নিয়ে তৃপ্ত থাকার পরামর্শ প্রসঙ্গে বাইবেল বলছে: ‘‘তুমি তোমার যৌবনের বধূতে আনন্দ কর। প্রীতিকর মৃগী ও সৌন্দর্যভরা হরিণী সেই বধূ। তার বুক (তার স্তনগুলো: her breasts) তোমাকে সর্বদাই আপ্যায়িত করুক।’’ (জুবিলী বাইবেল: প্রবচনমালা/ মেসাল/ হিতোপদেশে ৫/১৮-১৯) মো.-০৬: ‘‘তোমার যৌবনের স্ত্রীকে নিয়েই তুমি আনন্দ কর। সে ভালবাসাপূর্ণ হরিণী, সৌন্দর্য-ভরা হরিণী; তারই বুক তোমাকে সব সময় সন্তুষ্ট রাখুক’’।

বিবাহিত স্ত্রীকে নিয়ে তৃপ্ত থাকার পরামর্শ খুবই ভাল। কিন্তু ঈশ্বরের পক্ষ থেকে বা পিতার পক্ষ থেকে এরূপ পরামর্শে স্ত্রীর স্তনের উল্লেখ কি খুবই জরুরি?

## ফুটনোট

[1] শেষ বাক্যটি অধিকাংশ বাংলা বাইবেলে নেই। জুবিলী বাইবেল নিম্নরূপ: তোমার মুখের তালু হোক এমন উত্তম আঙুর রসের মত যা সরাসরি আমার প্রেমিকের দিকে বয়ে যায়, যা নিদ্রাগতদের ওষ্ঠ বেয়ে ঝরে পড়ে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14515

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন